

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
(ভূমি অধিগ্রহণ শাখা)  
বরিশাল  
[www.barisal.gov.bd](http://www.barisal.gov.bd)

স্মারক নং-৩১.১০.০৬০০.১০৯.৪৫.০১০.২০- ৬০৬

তারিখ: ৩০ কার্তিক ১৪২৯  
২০নভেম্বর ২০২২

### “গণবিজ্ঞপ্তি”

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ০১/২০২২-২৩ নং এলএ কেসের মাধ্যমে “শহীদ সুকান্ত বাবু টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, গৌরনদী স্থাপন” শীর্ষক প্রকল্পের আওতায় স্থায়ী অবকাঠামো নির্মাণের নিমিত্ত বরিশাল জেলার গৌরনদী উপজেলাধীন জে.এল ০৩ নং দক্ষিণ মাগুড়া মৌজার ১.০০ একর জমি অধিগ্রহণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ ( ২০১৭ সনের ২১ নং আইন) এর ৪(৩)(ক) ও ৪(৩)(খ) ধারামতে যৌথ তদন্তের ফিল্ডবই প্রস্তুত করা হয়েছে। উক্ত যৌথ তালিকায় অবকাঠামো/ঘরবাড়ী/গাছপালা বা জমির দখল সংক্রান্ত কোন বিষয়ে ক্ষতিগ্রস্ত মালিকের কোন আপত্তি থাকলে আগামী ৭(সাত) কার্যদিবসের মধ্যে বিভাগীয় কমিশনার, বরিশাল/জেলা প্রশাসক, বরিশাল মহোদয় বরাবর আবেদন/আপত্তি দাখিল করা যাবে।



( এস.এম. রাহাতুল ইসলাম )  
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা  
বরিশাল

ফোন নম্বর: ০৪৩১-৬৪৪৯৩

ই-মেইল : [laobarishal@gmail.com](mailto:laobarishal@gmail.com)

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো-

০১. বিভাগীয় কমিশনার, বরিশাল (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
০২. জেলা প্রশাসক, বরিশাল (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
০৩. উপজেলা নির্বাহী অফিসার, গৌরনদী, বরিশাল (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
০৪. ইউনিয়ন ডিজিটাল সেন্টার, খাজাপুর ইউনিয়ন পরিষদ, গৌরনদী, বরিশাল ( নোটিশ বোর্ডে প্রকাশে জন্য)।
০৫. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, খাজাপুর ইউনিয়ন ভূমি অফিস, গৌরনদী, বরিশাল (নোটিশ বোর্ডে প্রকাশের জন্য)।
০৬. সংশ্লিষ্ট প্রকল্প এলাকায় প্রকাশের জন্য।